



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৪.২১.৩৭৪

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৮

০৫ জুন ২০২১

বিষয়: নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলাধীন "সৈয়দপুর আদর্শ গার্লস স্কুল এন্ড কলেজ" এর মাঠে গভর্নিংবডি কর্তৃক বিয়ের অনুষ্ঠান আয়োজন করা সংক্রান্ত।

সূত্র: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.২০৩ ০১ এপ্রিল ২০২১

৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.২০৩

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নম্বর : ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.২০৩ তারিখ : ০১/০৪/২০২১ খ্রি. পত্রে মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা হতে প্রাপ্ত নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলাধীন সৈয়দপুর আদর্শ গার্লস স্কুল এন্ড কলেজ এর মাঠে বিয়ের অনুষ্ঠান আয়োজন করা সংক্রান্ত পত্রের বিষয়ে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। জেলা প্রশাসক, নীলফামারী এর স্মারক নং ০৫.৪৭.৭৩০৮.০০৮. ২১.০৭১. ২১-২২১ তারিখ : ২২/০২/২০২১ এর পত্রে দেখা যায়, স্কুল মাঠে রাজকীয় বিয়ের আয়োজন, জানে না পরিচালনা কমিটি' ব্যবসায়ীর ছেলের বউভাতে কলেজের মাঠ সাজল রাজকীয় সাজে এবং কলেজ মাঠে কোটি টাকার সাজসজ্জা শিল্পতির জেলের বিয়েতে ৫ হাজার শিরোনামে ১২ ফেব্রুয়ারী, ২০২১ তারিখে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত সংবাদের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, নীলফামারী কর্তৃক উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারীকে পত্র প্রেরণ করেন। পূর্বানুমতি ছাড়া বিয়ের আয়োজন করায় অতিথি নিয়ন্ত্রণ অধ্যাদেশ ১৯৮৪(সংশোধিত-২০০৩) এর ৬(২) ধারা অনুযায়ী আয়োজনকারীকে ২০ হাজার টাকা জরিমানা করা হয় এবং জরিমানার টাকা চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী ও জেলা শিক্ষা অফিসার, নীলফামারী এ বিষয়ে প্রতিবেদন প্রেরণ করেন এবং বিয়ের আয়োজনের বিষয়ে প্রশাসনের কাউকে অবহিত না করায় ব্যবস্থা গ্রহণের বিষয়ে মতামত প্রদান করেন।

এমতাবস্থায়, প্রশাসনের কাউকে অবহিত না করে সৈয়দপুর আদর্শ গার্লস স্কুল এন্ড কলেজের মাঠে বিয়ের আয়োজন করায় কেন আপনার বেতন-ভাতাদির সরকারি অংশ কেন বন্ধ করা হবে না এই বিষয়ে পত্র প্রাপ্তির ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫-৬-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

অধ্যক্ষ, সৈয়দপুর গার্লস স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর,
নীলফামারী।


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৪.২১.৩৭৪/১(৫)

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৮

০৫ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
- ২) সভাপতি, গভর্নিং বডি, সৈয়দপুর গার্লস স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর, নীলফামারী;
- ৩) জেলা শিক্ষা অফিসার, নীলফামারী;
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সৈয়দপুর, নীলফামারী;
- ৫) সংরক্ষণ নথি।



৫-৬-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক